

# রাজশাহীতে এসএসসি পরীক্ষার্থী বেড়েছে ৯ হাজার

রাজশাহী বুরো

২৬ এপ্রিল ২০২৩ ০৮:৩২ পিএম | আপডেট: ২৬ এপ্রিল

২০২৩ ০৮:৩২ পিএম



প্রতীকী ছবি

advertisement

সারাদেশের মতো আগামী ৩০ এপ্রিল থেকে রাজশাহী শিক্ষা বোর্ডে শুরু হতে যাচ্ছে এসএসসি পরীক্ষা। চলতি বছর এই বোর্ড থেকে পরীক্ষায় অংশ নেবে ২ লাখ ৫ হাজার ৮০২ জন পরীক্ষার্থী। গত বছর এই সংখ্যা ছিল ১ লাখ ৯৬ হাজার ৬০০ জন। অর্থাৎ চলতি বছর এই বোর্ডে পরীক্ষার্থী বেড়েছে ৯ হাজার ২০২ জন।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আরিফুল ইসলাম জানান, মোট পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ৬২ হাজার ২২৩ জন ছাত্র এবং ৯৯ হাজার ৫৭৯ জন ছাত্রী। এ বছর বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ৯১ হাজার ৫৫৭ জন। মানবিক বিভাগ থেকে এক লাখ ৭ হাজার ৮৩৫ জন এবং বাণিজ্য বিভাগ থেকে ৬ হাজার ৪১০ জন শিক্ষার্থী।

advertisement

এই শিক্ষা বোর্ডের অধীনে রাজশাহী বিভাগের আট জেলা থেকে ২ হাজার ৬৭৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা অংশ নেবে। সর্বমোট ২৬৫টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে রাজশাহী জেলার ৫৩টি কেন্দ্রে ৫০৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৩২ হাজার ২৬৬ জন শিক্ষার্থী অংশ নেবে। চাঁপাইনবাবগঞ্জে ১৫টি কেন্দ্রে ২৩৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৬ হাজার ৮৪৭ জন অংশ নেবে।

এছাড়া নাটোরে ২৬টি কেন্দ্রে ২৯২টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৮ হাজার ৬৫৫ জন, নওগাঁয় ৩৭টি কেন্দ্রে ৪২৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২৫ হাজার ৫০০ জন, পাবনায় ৩১টি কেন্দ্রে ২৯৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৩০ হাজার ৩১৮ জন, সিরাজগঞ্জে ৪৪টি কেন্দ্রে ৩৪৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৩৭ হাজার ৪৪ জন, বগুড়ায় ৪২টি কেন্দ্রে ৪৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৩৫ হাজার ৯৬৮ জন, জয়পুরহাটে ১৭টি কেন্দ্রে ১৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৯ হাজার ২০৪ জন শিক্ষার্থী অংশ নেবে।

advertisement

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মণ্ডেজুর রহমান খান বলেন, সারাদেশের মতো আগামী ৩০ এপ্রিল সকাল ১০টায় রাজশাহী বোর্ডের সকল কেন্দ্রে পরীক্ষা শুরু হবে। শেষ হবে দুপুর ১টায়। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের অবশ্যই হলে প্রবেশ করতে হবে।

সুষ্ঠুভাবে পরীক্ষা আয়োজনের জন্য এরই মধ্যে সকল প্রস্তুতি শেষ হয়েছে জানিয়ে তিনি আরও বলেন, পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তায় পুলিশ দায়িত্ব পালন করবে।

